দৈনিক ইত্তেফাক

তারিখ ...12. JUN 1993 ... ...
পৃষ্ঠা... 1 ...কলাম... 4 ...

# এইচ এস সি পরীক্ষায় পরিদর্শক ব্যবস্থা পুনর্বিন্যাস

ইত্তেফাক রিপোর্ট ।। এবারের এসএসসি পরীক্ষায় কলেজ শিক্ষকগণ তাহাদের নিজ কলেজের ছাত্রদের পরীক্ষা হলে পরিদর্শকের দায়িত্ব পালন করিতে পারিবেন। তবে অন্য কলেজের ৫ জন শিক্ষকের সমন্বয়ে গঠিত একটি 'এক্সটার্নাল টীম'ও সেখানে কর্তব্যরত থাকিবেন। শিক্ষা মন্ত্রণালয় উহার পূর্বের নির্দেশ পরিবর্তন করিয়া এই নূতন নির্দেশ সম্বলিত একটি টেলেক্স বার্তা ইতিমধ্যে জেলা প্রশাসকদের নিকট প্রেরণ করিয়াছে। জেলা প্রশাসকদের উপর এক্সটার্নাল টীম গঠনের দায়িত্ব দেওয়া হইয়াছে।

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## এইচএসসি পরীক্ষায়

( ১ম পৃ: পর )

ইতিপূর্বে শিক্ষা মন্ত্রণালয়ের সার্কুলারে বলা হইয়াছিল, কোন পরীক্ষা কেন্দ্রে যে কলেজের ছাত্র-ছাত্রী পরীক্ষা দিবে, সেই কলেজের কোন শিক্ষক-শিক্ষয়িত্রী সেই কেন্দ্রে পরিদর্শক বা তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করিতে পারিবেন না। শিক্ষকগণ এই নির্দেশকে অবমাননাকর অভিহিত করিয়া ইহা বাতিলের দাবী জানাইয়া আসিতেছিলেন।

ইত্তেফাকের বরিশাল অফিস জানায়, ৫ সদস্যের এক্সটার্ণাল টীমের রিপোর্টের উপর পরীক্ষা কেন্দ্রের ভবিষ্যৎ নির্ভর করিবে। তাহাদের ভ্রমণ-ভাতা শিক্ষা বোর্ড বহন করিবে।